

আন্তর্জাতিক মানদণ্ডে শিক্ষা ও গবেষণায় বঙ্গবন্ধু কৃষি ভার্শিটি দেশে প্রথম

প্রকাশ : ২১ এপ্রিল ২০২১, ১০:৫৫ | অনলাইন সংস্করণ

● মুজিবুর রহমান, গাজীপুর
প্রতিনিধি



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় [ছবি:
সংগৃহীত]

গাজীপুরে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় একটি গবেষণাভিত্তিক বিশেষায়িত বিশ্ববিদ্যালয়। ১৯৮৫ সালে প্রতিষ্ঠার পর থেকে বিশ্ববিদ্যালয়টি কৃষিতে মৌলিক ও প্রায়োগিক গবেষণায় অগ্রাধিকার প্রদান করে আসছে। জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার অর্থায়নে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ আধুনিক কৃষির নানা বিষয়ে অনেকগুলো গবেষণা প্রকল্প বাস্তবায়ন করছেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ কৃষি, মৎস্য, পশুপালন ও পশুচিকিত্সা বিজ্ঞানে মৌলিক জ্ঞান সৃজনে উল্লেখযোগ্য সাফল্য রেখে চলেছেন।

জানা যায়, ২০২১ সালে বিশ্বখ্যাত স্কোপাস ও সিমাগো ইনডেক্স জরিপে বশেমুরকৃষি বাংলাদেশের বিশ্ববিদ্যালয়সমূহ ও গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে র্যাংকিংয়ে দেশের সব বিশ্ববিদ্যালয়কে পেছনে ফেলে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থান—এই তিন সূচকে প্রথম স্থান লাভ করে। বিশ্ববিদ্যালয়ের পরিচালক (গবেষণা) প্রফেসর ড. এ কে এম আমিনুল ইসলাম জানান, প্রায়োগিক গবেষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়টি এ পর্যন্ত ধানসহ অন্যান্য অর্থকরী ফসল, সবজি ও তেলজাতীয় ফসলের ৫০টির বেশি উচ্চফলনশীল

জাত ও ১৪টি কৃষি প্রযুক্তি উদ্ভাবন করেছে।

উপাচার্য প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া জানান, জাতির পিতার সোনার বাংলার স্বপ্নপূরণের লক্ষ্যে কৃষি শিক্ষায় বিশ্বমানের দক্ষ গ্র্যাজুয়েট তৈরি এবং লাগসই কৃষি প্রযুক্তি উদ্ভাবন, কৃষি গবেষণা ও উদ্ভাবিত কৃষি প্রযুক্তি কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার মহান ব্রত নিয়ে এ কৃষি বিশ্ববিদ্যালয় পরিবার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

ইত্তেফাক/এমআর

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

বিজ্ঞাপন | যোগাযোগ | গোপনীয়তার নীতি | শর্তাবলী

|